গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মতলব উত্তর, চাঁদপুর।
www.chandpur.gov.bd

স্মারক নং ০৫.৪২.১৩৭৯.০০২.১৮.২০২.২৪-৭১ তারিখ : ১৮/০১/২০২৪ খ্রি.

## জলমহাল ইজারা বিজ্ঞপ্তি ঃ

এতদ্বারা নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমবায় সমিতি লিঃ এর সভাপতি/সম্পাদকগণকে জানানো যাচ্ছে যে. ভূমি মন্ত্রণালয়ের ২রা নভেম্বর, ২০২৩ খ্রি. তারিখের ৬৬২ নং স্মারকে জারিকৃক আলোকে মতলব উত্তর উপজেলার নিম্নবর্ণিত ২০.০০ ( বিশ) একর পর্যন্ত আয়তনের জলমহাল সমূহ ১৪৩১-১৪৩৩ বাংলা সনের জন্য ০৩ ( তিন ) বছর মেয়াদে অস্থায়ী ইজারা প্রদানের নিমিত্ত নিম্নোক্ত সময়সুচি অনুযায়ী অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | গৃহীত কার্যক্রম | তারিখ |
|---|---|---|
| ০১ | অনলাইনে আবেদন দাখিল | ০৯ মাঘ থেকে ৩ রা ফাল্গুন, ১৪৩০ বঙ্গাব্দ<br>(২৩ জানুয়ারি থেকে ১৬ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি.) |
| ০২ | অনলাইনে দাখিলকৃত সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মতলব উত্তর, চাঁদপুর, দাখিল। | ০৫ই ফাল্গুন -০৭ ই ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ<br>১৮ ফেব্রুয়ারি- ২০ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি. |

নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে ভূমি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে অথবা www.jm.lams.gov..bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েবসাইটে পাওয়া যাবে।
ইজারার ক্ষেত্রে সংশ্লিষ্টে জলমহালের নিকটবর্তী / তীরবর্তী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতিগুলো উপর্যুক্ত যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবে।

### ১৪৩১ বাংলা সন হতে ১৪৩৩ বাংলা সন মেয়াদে ইজারাযোগ্য জলমহালের তালিকা

| ক্রমিক নং | জলমহাল/ খাস পুকুরের নাম | মৌজার নাম | পরিমাণ ( একরে) | পূর্ববর্তী ০৩ বছরের ইজারা মূল্য |
|---|---|---|---|---|
| ১ | ফৈলাকান্দি লতিয়ার পুকুর | চাঁদরায়কান্দি | ১.১০ | ৯,১০০/- |
| ২ | অলিপুর খাস পুকুর | অলিপুর | ০.৬৮ | ৮,৬০০/- |
| ৩ | রাঢ়িকান্দি খাস পুকুর | টর্কি এওয়াজ | ২.৫২ | ১৭,১০০/- |
| ৪ | গজরা খাস পুকুর | গজরা | ০.২৮ | ৪৮০০/- |
| ৫ | ব্যাসদী ( জীব গাঁও ) খাস পুকুর | নীলেরচর | ০.৫৯ | ৫১০০/- |
| ৬ | ঘনিয়ারপাড় জলাশয় | ব্যাসদী | ৪.০৪ | ২০৫০০/- |
| ৭ | নেদামদী খাস পুকুর | নেদামদী | ০.৭১ | ৩২০০/- |

শর্তাবলী ঃ

১। জলমহালগুলো ০৩ (তিন) বছর মেয়াদে (১লা বৈশাখ , ১৪৩১ বঙ্গাব্দ হতে ৩০ শে চৈত্র ১৪৩৩ বঙ্গাব্দ ) অস্থায়ী ইজারা প্রদান করা হবে।

২। ৯ই মাঘ থেকে ৩ রা ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ ( ২৩ জানুয়ারি থেকে ১৬ ফেব্রুয়ারি ২০২৪ ) এর মধ্যে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। ১৮ থেকে ২০ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের মধ্যে আবেদনকারী সমিতি আবেদন ও তৎসংশ্লিষ্ট কাগজপত্রের হার্ডকপি মুখবন্ধ সীলগালাকৃত খামে উপজেলা নির্বাহী অফিসার, মতলব উত্তর, চাঁদপুর এর কার্যালয়ে জমা দিতে হবে।

৩। অনলাইনে আবদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে ভূমি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে অথবা www.jm.lams.gov..bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েবসাইটে পাওয়া যাবে।

৪। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ অনুযায়ী বদ্ধ জলাশয় ইজারা গ্রহণে আগ্রহী নিবন্ধিত ও প্রকৃত মৎসজীবী সমবায় সমিতি উক্ত নীতিতে বর্ণিত প্রয়োজনীয় তথ্য ও দলিলাদিসহ নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে আবেদন দাখিল করতে হবে।

৫। নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎসজীবীদের সমিতি যা সমবায় অথবা সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত সমিতি বা সমিতিসমূহ নির্দিষ্ট বা তীরবর্তী জলমহাল ব্যবস্থাপনার জন্য অনলাইনে আবেদন করতে পারবে । কোন ব্যাক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবেন না। উক্ত সমিতিতে প্রকৃত মৎসজীবী ব্যতীত অন্যকোন সদস্য থাকলে যা কার্যনির্বাহী কমিটিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎসজীবী নন তাহলে উক্ত সমিতি আবেদনের যোগ্য হবে না।

৬। সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী / তীরবর্তী নিবন্ধিত মৎসজীবী সংগঠন/ সমিতি প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে ইজারার ক্ষেত্রে অগ্রাধিকার পাবে।

৭। আবেদনকারী সমবায় সমিতি বা অন্য কোন সমিতি বর্তমানে কার্যকর আছে তার প্রমাণস্বরূপ জেলা বা উপজেলা সমবায় কর্মকর্তা/ সংশ্লিষ্ট সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ণপত্র এবং বিগত দুই বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে।তবে নতুন নিবন্ধিত সৎসজীবী সমবায় সমিতির ক্ষেত্রে এ ধরনের প্রমাণের দরকার হবে না।

৮।আবেদন দাখিলের সময় আবেদনের সাথে সমবায় ও সমাজসেবা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সমিতির রেজিস্ট্রেশন নম্বর ও তারিখ সমিতির গঠনতন্ত্র, নির্বাচিত সভাপতি ও সাধারণ সম্পাদকের নাম, ঠিকানা ( ছবিসহ) সমিতির নামের তালিকা (ছবিসহ), সমিতির সভার কার্যবিবরণী, জলমহালে মৎস্য চাষ উৎপাদন ও সুষ্ঠু ব্যবস্থাপনার রূপরেখা, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট, অডিট রিপোর্ট ও টি,আই এন নম্বর সংযুক্ত করে সভাপতি/ সাধারণ সম্পাদকের নামে আবেদন দাখিল করতে হবে।

৯। কোন মৎসজীবী সমিতি/ সংগঠন এর কোন জঙ্গি সম্পৃক্ততা থাকলে এবং পূর্বের কোন জলমহালের ইজারা মূল্য পরিশোধ খেলাপী হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে কোন মামলা থাকলে সংশ্লিষ্ট সমিতি/ সংগঠনকে জলমহাল ইজারা প্রদান করা হবে না।

১০। কোনক্রমেই ০২ (দুই) টির অধিক জলমহাল কোন মৎস্যজীবী সমবায় সমিতি/ জেলে/ যুব মৎস্যজীবী সমবায় সমিতিকে ইজারা দেয়া হবে না।

১১। আবেদনকারী উদ্ধৃত দরের ২০% অর্থ জামানত স্বরূপ যে কোন তফসিলভুক্ত ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, মতলব উত্তর, চাঁদপুর এর অনুকূলে ব্যাংক ড্রাফট/ পে -অর্ডার মাধ্যমে দরপত্রের সঙ্গে জমা করতে হবে। উক্ত জামানতের অর্থ শেষ বৎসরের ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে।

১২। আবেদনপত্র উদ্ধৃত দর গৃহীত ইজারা মুলের উপর ১০% হারে আয়কর ও ১৫% হারে মূসক পরিশোধ করতে হবে।

১৩। ঘষামাজা ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য করা হবে।

১৪। আবেদন/ দরপত্র মূল্যায়নের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গন্য হবে।

(এ কি মিত্র চাকমা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
মতলব উত্তর,চাঁদপুর।

স্মারক নং ০৫.৪২.১৩৭৯.০০২.১৮.২০২.২৪-৭১

তারিখ : ১৮/০১/২০২৪ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। মাননীয় সংসদ সদস্য, চাঁদপুর-২।
২। জেলা প্রশাসক, চাঁদপুর।
৩। অতিরিক্ত জেলা প্রশাসক ( রাজস্ব), চাঁদপুর।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মতলব উত্তর, চাঁদপুর।
৫। উপজেলা ........................................ কর্মকর্তা ( সকল) , মতলব উত্তর, চাঁদপুর।
৬। জনাব ---------------------------সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, মতলব উত্তর, চাঁদপুর।
৬। চেয়ারম্যান---------------------------ইউপি ( সকল), মতলব উত্তর, চাঁদপুর। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ( সকল)------------------------ইউনিয়ন ভূমি অফিস, মতলব উত্তর,চাঁদপুর। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

৮। নোটিশ বোর্ড।

18/01/2024

উপজেলা নির্বাহী অফিসার
মতলব উত্তর,চাঁদপুর।